


# যুগান্তর

শাবিতে ছাত্রলীগ নেতার ওপর হামলা

## ৯ শিক্ষার্থী বিশ্ববিদ্যালয় থেকে সাময়িক বহিষ্কার

প্রকাশ : ০৭ মে ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 সিলেট ব্যুরো

সিলেট শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ৯ শিক্ষার্থীকে সাময়িক বহিষ্কার করা হয়েছে। একই সঙ্গে তাদের সাত দিনের মধ্যে কারণ দর্শানোর নোটিশও দেয়া হয়েছে। সোমবার বহিষ্কারের বিষয়টি জানিয়েছেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসাইন। তিনি জানান, শাবির বাংলা বিভাগের শিক্ষার্থী রাজীব সরকারের ওপর দেশীয় অস্ত্র দিয়ে হামলার ঘটনায় জড়িত থাকার অভিযোগে ওই ৯ শিক্ষার্থীকে সাময়িক বহিষ্কার করা হয়েছে।

বহিষ্কৃত শিক্ষার্থীরা হলেন- ইংরেজি বিভাগের মো. রিশাদ, আইপিই বিভাগের মাহবুব আল আমিন, বাংলা বিভাগের কাওসার আহমেদ সোহাগ, লোকপ্রশাসনের সুমন মিয়া, সূজন চন্দ্র বৈষ্ণব, আবদুল বারি সজিব, সিএসই বিভাগের ইফতেখার আহমেদ রানা, সমুদ্রবিজ্ঞান বিভাগের আমিনুল ইসলাম ও সমাজকর্ম বিভাগের মোস্তাকিম আহমেদ। এরা সবাই শাখা ছাত্রলীগের সংস্কৃতিবিষয়ক সম্পাদক শাখাওয়াত হোসেনের অনুসারী। সাময়িক বহিষ্কৃতদের কেন বিধি মোতাবেক শাস্তি প্রদান করা হবে না, এই মর্মে তাদের আগামী ৭ কার্যদিবসের মধ্যে প্রক্টর বরাবর কারণ দর্শানোর জন্য বলা হয়েছে বলেও জানিয়েছেন রেজিস্ট্রার ইশফাকুল হোসাইন।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।  
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।